

**শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের নিমিত্তে গঠিত 'নৈতিকতা কমিটি' এর সভার কার্যবিবরণী**

সভাপতিঃ জনাব এ এইচ এম আবদুল্লাহ ব্যবস্থাপনা পরিচালক ও সভাপতি শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের নিমিত্তে গঠিত নৈতিকতা কমিটি	স্থানঃ প্রধান কার্যালয়স্থ সম্মেলন কক্ষ তারিখঃ ১৫ নভেম্বর, ২০১৫ সময়ঃ বেলা ০৩:৩০ ঘটিকা
---	--


**উপস্থিত সদস্যবৃন্দঃ**

- ০১। জনাব মোঃ গোলাম ছারওয়ার  
প্রকল্প পরিচালক, দারিদ্র্য বিমোচনে এসএফডিএফ কার্যক্রম সম্প্রসারণ প্রকল্প
- ০২। বেগম জান্নাতুন আরা বেগম  
উপ-মহাব্যবস্থাপক (চঃ দাঃ)
- ০৩। জনাব মোহাম্মদ মোশাররফ হোসেন  
ব্যবস্থাপক (পরিবীক্ষণ)
- ০৪। জনাব মোঃ আনিছুর রহমান  
ব্যবস্থাপক (পরিবীক্ষণ)

ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালক এবং শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের নিমিত্তে গঠিত 'নৈতিকতা কমিটি' এর সভাপতির সভাপতিত্বে সভার কার্যক্রম শুরু হয়। সভায় নৈতিকতা কমিটিকে তথ্য উপাত্ত সরবরাহের মাধ্যমে সহায়তা প্রদানের লক্ষ্যে ব্যবস্থাপক জনাব মোঃ মোহাম্মদ মোশাররফ হোসেন ও জনাব মোঃ আনিছুর রহমান উপস্থিত ছিলেন। সভার শুরুতে সভাপতি মহোদয় বলেন অক্টোবর'২০১২ সালে জাতীয় শুদ্ধাচার কৌশল শীর্ষক চূড়ান্ত সংকলন বাংলাদেশ সরকারের মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রকাশ করা হয়েছে। পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগে শুদ্ধাচার কৌশল কার্যক্রম ২০১২ হতে চালু হয়েছে। তবে পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ এ ফাউন্ডেশনকে অক্টোবর'২০১৫ মাসে বিষয়টি দাপ্তরিকভাবে অবহিত করে। বিগত ২১।১০।২০১৫ তারিখে পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগে জাতীয় শুদ্ধাচার কমিটির এ সংক্রান্ত সভায় ১টি কর্মপরিকল্পনা ছক প্রদান করা হয়। ছকটি প্রণয়ন করে প্রেরণ করতে হবে। তিনি সভার আলোচ্য বিষয়সমূহ উপস্থাপনের জন্য এ সংক্রান্ত ফোকাল পয়েন্ট কর্মকর্তা বেগম জান্নাতুন আরা বেগমকে আহবান জানান। বেগম জান্নাতুন আরা বেগম সভাকে অবহিত করেন যে, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগে বিগত ২১।১০।২০১৫ তারিখে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত অনুযায়ী ফাউন্ডেশনের শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের নিমিত্তে সময়াবদ্ধ কর্মপরিকল্পনা জানুয়ারি ২০১৫-জুন ২০১৬ প্রণয়নের লক্ষ্যেই মূলত অদ্যকার সভার আয়োজন করা হয়। তবে এ সাথে অন্যান্য আলোচনা করা হবে। তদপেক্ষিতে ফাউন্ডেশন এবং প্রকল্প কার্যক্রমের আলোকে কর্মপরিকল্পনা প্রণয়ন করা হয়। তবে কর্মপরিকল্পনা প্রণয়নে ফাউন্ডেশনের মহাব্যবস্থাপক, উপ-প্রকল্প পরিচালক এবং বিভাগ প্রধানদের প্রয়োজনীয়তা রয়েছে উল্লেখ করে মহাব্যবস্থাপক, সকল বিভাগের প্রধানগণ এবং উপ-প্রকল্প পরিচালকসহ পরবর্তীতে ১টি সভা করে কর্মপরিকল্পনাটি চূড়ান্ত করা হবে মর্মে সভায় মত প্রকাশ করা হয়। এ প্রেক্ষিতে বেগম জান্নাতুন আরা বেগম বলেন আগামী সপ্তাহে শুদ্ধাচার এ সুশাসনের সমস্যা সমূহ চিহ্নিতকরণ ও সমাধান বিষয়ে ১টি সভা অনুষ্ঠান করতে হবে ঐ সভায় এ কর্মপরিকল্পনাটি চূড়ান্ত করা যেতে পারে। সভায় মতপ্রকাশ করা হয় যে, অদ্য প্রণয়নকৃত প্রতিবেদনটি বেগম জান্নাতুন আরা বেগম যাচাইপূর্বক পরবর্তী সভায় দাখিল করবেন। তদপেক্ষিতে কর্মপরিকল্পনা চূড়ান্ত করা যেতে পারে। সভায় বিশদ আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

- ০১। আগামী ২২।১১।২০১৫ তারিখে শুদ্ধাচার ও সুশাসনের সদস্যসমূহ চিহ্নিতকরণ ও সমাধানের আলোচনা সংক্রান্ত নৈতিকতা কমিটির ১টি সভা আয়োজন করতে হবে। ফাউন্ডেশনের শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের নিমিত্তে সময়াবদ্ধ কর্মপরিকল্পনা জানুয়ারি ২০১৫-জুন ২০১৬ চূড়ান্ত করা হবে।
- ০২। ২২।১১।২০১৫ তারিখের সভায় মহাব্যবস্থাপক, বিভাগ প্রধানগণ ও উপ-প্রকল্প পরিচালককে উপস্থিত থাকতে হবে।
- ০৩। কর্মপরিকল্পনার ছকটি মহাব্যবস্থাপক ও বিভাগ প্রধানদেরকে সরবরাহ করে অদানুযায়ী পরবর্তী সভায় তথ্য উপস্থাপনের জন্য অনুরোধ করতে হবে।
- ০৪। প্রকল্প থেকে সংগৃহীত প্রকল্পের তথ্যের ভিত্তিতে কর্মপরিকল্পনা প্রণয়ন করা হলেও প্রকল্প আলাদাভাবে এ ছকের আলোকে ১টি পরিকল্পনা প্রণয়ন করে ব্যবস্থাপনা পরিচালক বরাবরে জমা দিবে ও তদপ্রেক্ষিতে কার্যক্রম বাস্তবায়ন করবে।

পরিশেষে আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সদস্যবৃন্দকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

  
(এ এইচ এম আবদুল্লাহ)  
ব্যবস্থাপনা পরিচালক  
ও  
সভাপতি